



১৮ সেপ্টেম্বর, ২০২৪

সংবাদ বিজ্ঞপ্তি

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে এমফিল লিডিং টু পিএইচডি প্রোগ্রামে ভর্তির আবেদনের সময়সীমা বর্ধিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অঙ্গীভূত মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউটের অধীনে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্কলারশিপ-সহ এমফিল লিডিং টু পিএইচডি প্রোগ্রামে অনিবার্য কারণে পূর্বে প্রকাশিত বিজ্ঞপ্তির ধারাবাহিকতায় পুনরায় ভর্তির আবেদন আহ্বান করা যাচ্ছে। আগ্রহী প্রার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন ১৮ই সেপ্টেম্বর ২০২৪ থেকে ১৭ই অক্টোবর ২০২৪ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে (gateway) অথবা পে স্লিপ ডাউনলোড করে প্রাথমিক আবেদন ফি বাবদ ১,০০০ (এক হাজার) টাকা জমা দিয়ে আবেদন ফরমের প্রিন্ট কপি ২১শে অক্টোবর ২০২৪ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে। বাংলাদেশের সমাজ চাহিদা ও উন্নয়ন, সাংস্কৃতিক ঐতিহ্য, জাতিরাষ্ট্র গঠন প্রক্রিয়া, মহান মুক্তিযুদ্ধ, রাজনৈতিক, অর্থনৈতিক, শিক্ষা ও সামাজিক চ্যালেঞ্জসমূহের সঙ্গে সংশ্লিষ্ট গবেষণা-কর্মকে অগ্রাধিকার দেয়া হবে।

আবেদনকারীদের যোগ্যতা সম্পর্কে বিস্তারিত তথ্য ও প্রাথমিক আবেদনপত্রের জন্য বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Master's/MAS/Ad. MBA/M.Phil/PGD in LIS Tab থেকে Apply Now (MPhil Leading to PhD) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীকে সতর্কতার সঙ্গে সকল তথ্য নির্ভুলভাবে এন্ট্রি দিতে হবে। এছাড়াও তাকে সকল পরীক্ষার নম্বরপত্রের সত্যায়িত কপি ও গবেষণা তত্ত্বাবধায়ক কর্তৃক স্বাক্ষরিত গবেষণা প্রস্তাবনা (Research Proposal)-এর সারসংক্ষেপ স্ক্যান করে আপলোড করতে হবে। এমফিল লিডিং টু পিএইচডি প্রোগ্রামে ভর্তিচছু গবেষকদের লিখিত পরীক্ষার তারিখ ও স্থান পরবর্তীতে জানানো হবে। উল্লেখ্য, ইতোমধ্যে যারা আবেদন প্রক্রিয়া সম্পন্ন করেছেন, তাদের আর নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

বার্তা প্রেরক

মোঃ মোস্তাফিজুর রহমান  
পরিচালক (ভারপ্রাপ্ত)  
জনসংযোগ দপ্তর  
জাতীয় বিশ্ববিদ্যালয়